ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপ-স্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| উপ-সহকারী প্রকৌশলী | |

(১২২৯)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১২.৩১.১০৮৮.২০. ৭৬২

তারিখ: ২৭ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ বেতার, কবিরপুর, সাভার, ঢাকার (অবসরপ্রাপ্ত) সহকারী বেতার প্রকৌশলী, মরহুম সাদরুল আমিন খন্দকার-এর সংশোধিত পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরি প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, তথ্য মন্ত্রণালয়ের ২৭-০১-২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২১.১২.০১২.১৪. ৫৮৮/১(৪২) নম্বর পত্রে বাংলাদেশ বেতারের উপ-সহকারী প্রকৌশলী, জনাব মোঃ সাদরুল আমিন খন্দকাব-কে প্রকৌশল বিভাগের প্রবেশ পদ সহকারী বেতার প্রকৌশলী পদে জাতীয় বেতন স্কেল ২০১৫-এর গ্রেড-৯ (২২,০০০ - ৫৩,০৬০/-) এ পদোন্নতি প্রদান করা হয় (কপি সংযুক্ত) এবং বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ০৮-০৯-২০১৯ তারিখের ১৫.৫৩.০০০০.০১২.১৯.০০৯.১৯.৪৩৪ নম্বর পত্রে তাঁকে সহকারী বেতার প্রকৌশলী পদে ০২-০৯-২০১৪ তারিখে থেকে ভূতাপেক্ষভাবে বাংলাদেশ বেতার, কবিরপুর, সাভার, ঢাকায় পদায়ন করা হয় (কপি সংযুক্ত)। জনাব মোঃ সাদরুল আমিন খন্দকার ২২-০৮-২০১৯ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করায় (কপি সংযুক্ত) তাঁর বিধবা স্ত্রী মিসেস হালিমা আক্তার সংশোধিত পারিবারিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরির জন্য, সচিব, তথ্য মন্ত্রণালয় বরাবর আবেদন করেন (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ বেতার, কবিরপুর, সাভার, ঢাকার সহকারী বেতার প্রকৌশলী (অবসরপ্রাপ্ত) জনাব মোঃ সাদরুল আমিন খন্দকার-এর জন্ম তারিখ ১৬-১২-১৯৫৮ খ্রিঃ হওয়ায় বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকার ২৫-০৩-২০১৯ খ্রিঃ তারিখের ৯৩১ নম্বর পত্রে তাঁকে মূল বেতনের = ২৭,৪৩০/-(সাতাশ হাজার চারশত ত্রিশ) টাকা হারে আনুতোষিক বাবদ ২৮,৩৯,০০৫/-(আটাশ লক্ষ উনচল্লিশ হাজার পাঁচ) টাকা এবং মাসিক অবসরভাতা বাবদ = ১২,৩৪৩.৫০/-(বার হাজার তিনশত তেতাল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) প্রদান করা হয় (কপি সংযুক্ত)। উল্লেখ্য জনাব মোঃ সাদরুল আমিন খন্দকার ২২-০৮-২০১৯ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন।

০৩। মরহুম সাদরুল আমিন খন্দকার-কে ০২-০৯-২০১৪ তারিখে থেকে ভূতাপেক্ষভাবে সহকারী বেতার প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করায় উপজেলা হিসাব রক্ষণ অফিসার, সাভার, ঢাকা কর্তৃক তাঁর মূলবেতন সংশোধন করে (শুধুমাত্র পেনশন ও আনুতোষিকের জন্য) ২৯,৫১০/-(উনত্রিশ হাজার পাঁচশত দশ) টাকা নির্ধারণ করা হয় (কপি সংযুক্ত)। সংশোধিত বেতন নির্ধারণী অনুযায়ী তাঁর মূলবেতন = ২৯,৫১০/-(উনত্রিশ হাজার পাঁচশত দশ) টাকায় ৯০% হারে (২৯,৫১০ × ৯০%) = ২৬,৫৫৯/-(ছাব্বিশ হাজার পাঁচশত উনষাট) টাকায় ৫০% হারে (২৬,৫৫৯ × ৫০%) = ১৩,২৭৯.৫০/-(তের হাজার দুইশত উনআশি টাকা পঞ্চাশ পয়সা) ২৩০/-টাকা হারে (১৩,২৭৯.৫০ × ২৩০) = ৩০,৫৪,২৮৫/-(ত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার দুইশত পঁচাশি) টাকা আনুতোষিক এবং মাসিক অবসরভাতা বাবদ ১৩,২৭৯.৫০/-(তের হাজার দুইশত উনআশি টাকা পঞ্চাশ পয়সা) প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, মরহুম উপ-সহকারী বেতার প্রকৌশলী অবসর থাকাবস্থায় আনুতোষিক বাবদ = ২৮,৩৯,০০৫/-(আটাশ লক্ষ উনচল্লিশ হাজার পাঁচ) টাকা এবং মাসিক অবসরভাতা বাবদ = ১২,৩৪৩.৫০/-(বার হাজার তিনশত তেতাল্লিশ টাকা পঞ্চাশ পয়সা) গ্রহণ করেন। সংশোধিত বেতন নির্ধারণী কারণে তিনি (৩০,৫৪,২৮৫ - ২৮,৩৯,০০৫) = ২,১৫,২৮০/-(দুই লক্ষ পনের হাজার দুইশত আশি) টাকা প্রাপ্য হবেন। পরিপ্রেক্ষিতে, মরহুম সাদরুল আমিন খন্দকার-এর বিধবা স্ত্রী হালিমা আক্তারকে স্বামীর আনুতোষিক বাবদ = ২,১৫,২৮০/-(দুই লক্ষ পনের হাজার দুইশত আশি) টাকা এবং মাসিক অবসরভাতা বাবদ = ১৩,২৭৯.৫০/-(তের হাজার দুইশত উনআশি টাকা পঞ্চাশ পয়সা) মঞ্জুরি দানের লক্ষ্যে সংশ্লিষ্ট কাগজপত্রাদি এতদসংগে প্রেরণ করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | মূল আবেদন পত্র - | ঃ | ২ (দুই) কপি |
| ২। | পূর্বের পেনশন মঞ্জুরীর প্রজ্ঞাপন - | ঃ | ২ (দুই) কপি |
| ৩। | সহকারী বেতার প্রকৌশলী পদে পদোন্নতির সত্যায়িত কপি - | ঃ | ২ (দুই) কপি |
| ৪। | প্রত্যাশিত শেষ বেতনের সংশোধিত সনদপত্র ও সার্ভিস স্টেটম্যান্ট সত্যায়িত কপি - | ঃ | ২ (দুই) কপি |
| ৫। | মৃত্যু জনিত কারণে আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগের কপি - | ঃ | ২ (দুই) কপি |
| ৬। | মৃত্যুর সনদপত্র - | ঃ | ২ (দুই) কপি |
| ৭। | নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ - | ঃ | ২ (দুই) কপি |
| ৮। | পেনশন পেপার - | ঃ | ২ (দুই) কপি |
| ৯। | ছবি সত্যায়িত - | ঃ | ২ (দুই) কপি |
| ১০। | প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষনাপত্র - | ঃ | ২ (দুই) কপি |
| ১১। | অঙ্গীকারনামা-এর মূল কপিসহ সত্যায়িত ফটোকপি - | ঃ | ২ (দুই) কপি |
| ১২। | দপ্তরের "না-দাবী" পত্র - | ঃ | ২ (দুই) কপি |
| ১৩। | অতিরিক্ত অর্থ কর্তনের চালানের কপি - | ঃ | ২ (দুই) কপি |
| ১৪। | চাকরির বিবরণী - | ঃ | ২ (দুই) কপি |
| ১৫। | আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি - | ঃ | ২ (দুই) কপি |
| ১৬। | সার্ভিস বুক (নন গেজেটেড) এর মূল কপি - | ঃ | ২ (দুই) কপি |

০৪। বর্ণিতবস্থায়, বাংলাদেশ বেতার, কবিরপুর, সাভার, ঢাকার (অবসরপ্রাপ্ত) সহকারী বেতার প্রকৌশলী, মরহুম সাদরুল আমিন খন্দকার-এর বিধবা স্ত্রী হালিমা আক্তারকে স্বামীর আনুতোষিক বাবদ = ২,১৫,২৮০/-(দুই লক্ষ পনের হাজার দুইশত আশি) টাকা এবং মাসিক অবসরভাতা বাবদ = ১৩,২৭৯.৫০/-(তের হাজার দুইশত উনআশি টাকা পঞ্চাশ পয়সা) মঞ্জুরি প্রদানের সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ ১৬ (ষোল) ফর্দ।

১১.১১.২০২০

হোসনে আরা তালুকদার
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
টেলিফোন ঃ ৪৪৮১৩০৬২

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।